63

দৈনিক জনকণ্ঠ

তারিখ 29 JAN-1994
পৃষ্ঠা ৪ কলাম ৬



## বিদেশে উচ্চ শিক্ষার সহায়তা প্রসঙ্গে প্রশ্ন

প্রতিদিন দৈনিক পত্রিকার পাতা উল্টাতেই দেখি 'বিদেশে উচ্চ শিক্ষার সুবর্ণ সুযোগ' প্রসঙ্গে বিভিন্ন বিজ্ঞাপন। বিজ্ঞাপনগুলোর ধরন অনেকটা এরকম– 'সিঙ্গাপুরে ডিগ্রী কোর্সে ভর্তি (Computer Science B.Sc.Hons.) 'ভারতে উচ্চ শিক্ষা' (আমাদের দেশের চেয়েও কম খরচে বিভিন্ন বিঃ বিদ্যালয়ের অধীনে (Computer Science, Electronic, Engineering, Pharmacy, B.B.A., M.B.A.) ইত্যাদি বিভিন্ন কোর্সে ভর্তি হতে চাইলে সত্বর যোগাযোগ করুন ইত্যাদি বিজ্ঞাপন। এওও ণিডমথভধ্রণ, ম্যাক ইত্যাদি প্রতিষ্ঠান এসব বিজ্ঞাপন প্রচার করছে। তাই আমার প্রশ্ন, উক্ত প্রতিষ্ঠানগুলো কি আইনসম্মতভাবে সত্যিই বিদেশে উচ্চশিক্ষার জন্য সহায়তা প্রদানে সক্ষম? নাকি কোন প্রতারণার খপ্পরে পড়ার ভয় রয়েছে? যথাযথ কর্তৃপক্ষ কি এসব ব্যাপারে ওয়াকিফহাল? পত্রিকা মারফত জানালে আমরা ছাত্ররা উপকৃত হবো।

সোহাগ
দঃ পাইকপাড়া, মিরপুর, ঢাকা।